দৈনিক জনকণ্ঠ

তারিখ 0 6 JUN 1995
পৃষ্ঠা ২ কলাম ৩

০৭

# অবিলম্বে প্রকৌশল বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার॥** বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে প্রতিনিধিত্বশীল সব ছাত্রসংগঠন অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবি জানিয়েছে। এসব সংগঠন নেতৃবৃন্দ বলেন, ক্লাস ও পরীক্ষা স্থগিত এবং রাজনৈতিক কর্মকাণ্ডের ওপর নিষেধাজ্ঞা সমস্যার সমাধান দিতে পারবে না।

সোমবার সর্বদলীয় ছাত্রঐক্য বুয়েট শাখা আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে একথা বলা হয়। সন্ধ্যায় এ সাংবাদিক সম্মেলন অনুষ্ঠিত হয় ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি কার্যালয়ে। এসময় লিখিত বক্তব্য পাঠ করেন ছাত্রফ্রন্ট নেত্রী মঞ্জুরা হক নীলা। উপস্থিত ছিলেন ছাত্রদলের এসএম জাহাঙ্গীর আলম, ছাত্রলীগের (শাপা) মঞ্জুরুল হক মঞ্জু, জাসদ ছাত্রলীগের কাজী আব্দুল মতিন প্রমুখ।

লিখিত বক্তব্যে বুয়েট কর্তৃপক্ষের দু' ঘণ্টার নোটিসে ছাত্রদের হল ত্যাগের নির্দেশকে অমানবিক বলে আখ্যা দেয়া হয়। এতে আরও বলা হয়, বিশ্ববিদ্যালয় খুলে রেখে আলোচনার মাধ্যমে সমস্যার সমাধান সম্ভব। আহমেদ উল্লাহর হত্যাকাণ্ড প্রসঙ্গে বলা হয়, ঘটনার দিন বিশ্ববিদ্যালয়ের স্পেশাল নিরাপত্তা বাহিনী ঘটনাস্থলে এবং অনতিদূরে পুলিশ দাঁড়িয়ে থাকলেও হত্যাকারীদের গ্রেফতারের ব্যাপারে তারা এগিয়ে আসেনি।

এদিকে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট সোমবার দেশব্যাপী শোক দিবস পালন করে। গত ৩ জুন আহমেদ উল্লাহ হত্যার প্রতিবাদে এ কর্মসূচী গ্রহণ করা হয়েছিল। কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসাবে সংগঠনের কেন্দ্রীয় কার্যালয়ে কালো পতাকা উত্তোলন করা হয়। এছাড়া সংগঠনের নেতা-কর্মীরা কালো ব্যাজ ধারণসহ ঢাকা বিশ্ববিদ্যালয় ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে মিছিল ও সমাবেশ করে। আগামী ৭ জুন ফ্রন্টের উদ্যোগে খুনীদের গ্রেফতার ও বিচার দাবিতে দেশব্যাপী প্রতিবাদ ও বিক্ষোভ অনুষ্ঠিত হবে।